# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 27 June, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সাধারণ শিক্ষকদের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে কার্যকর ভূমিকা রাখতে ১৬ সদস্যের একটি অন্তবর্তীকালীন "নোবিপ্রবি সাধারণ শিক্ষক পরিষদ" গঠন করা হয়েছে।

শুক্রবার ( ২৭ জুন) নোবিপ্রবির সাধারণ শিক্ষক পরিষদের বার্তা প্রেরক ড. আবদুল কাইয়ুম মাসুদ সাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তির বলা হয়, গত ২৪ জুন ২০২৫ তারিখে বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি (□□□□) সেমিনার রুমে সাধারণ শিক্ষকদের সাথে সরাসরি এবং ২৬ জুন ২০২৫ তারিখে অনলাইন (জুম প্ল্যাটফর্মে) আলোচনার প্রেক্ষিতে এ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনায় অংশগ্রহণকারী শিক্ষকরা শিক্ষকসমাজের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে দৃঢ়ভাবে কাজ করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন এবং পরবর্তী শিক্ষক সমিতির নির্বাচন না হওয়া পর্যন্ত একটি অন্তর্বর্তীকালীন প্রতিনিধিত্বশীল কমিটি গঠনের প্রস্তাব দেন।

সভার সর্বসম্মত মতামতের ভিত্তিতে মোট ১৬ সদস্যের একটি অন্তর্বর্তীকালীন কমিটি অনুমোদন করা হয়। জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়, বরং প্রতিনিধিত্ব বিবেচনায় কমিটির সদস্য নির্বাচন করা হয়েছে।

অন্তর্বর্তীকালীন ১৬ সদস্য বিশিষ্ট 'সাধারণ শিক্ষক পরিষদ'-এর সদস্যবৃন্দ: মুহাম্মদ শফিকুল ইসলাম (ফার্মেসি), মো. জাহাঙ্গীর সরকার ( ফিমস), আবদুল কাইয়ুম মাসুদ (ব্যবসায় প্রশাসন),মো. বেল্লাল হোসাইন  (ইইই), মোহাম্মদ নিজাম উদ্দিন (ফলিত গণিত),আবিদুর রহমান (আইসিই),মো. কামাল উদ্দিন  (সিএসটিই),মো. শিবলুর রাহমান ( ইএসডিএম),মো. মাসুদুর রহমান ( আইসিই), মো. ফরিদ দেওয়ান(অর্থনীতি), নাজমা বেগম (পরিসংখ্যান),শামিমা ইয়াসমিন ( আইআইএস), জামাল উদ্দিন ( ফলিত গণিত), মো. আব্দুল বারেক (ফার্মেসি), মো. জনি মিয়া ( ইংরেজি),দিপু কুমার (রাষ্ট্রবিজ্ঞান)।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:13

URL: https://www.timestodaybd.com/public/campus/3813775807